

উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সেপ্টেম্বর / ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৭/০৯/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল-১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন


সভাপতি : বি.এম.কামাল হোসেন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগড়া, নড়াইল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।

১। **আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বেকার যুবদের উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ:** সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল জানান যে, বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে করোনাকালীন সময়ে আর্থিক মন্দায় উদ্যোক্তা সৃষ্টিতে যুবদের উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ এর গুরুত্ব তুলে ধরেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উক্ত প্রশিক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

২। **বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ :** সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল জানান যে, বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর গুরুত্ব তুলে ধরেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উক্ত প্রশিক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



বি.এম.কামাল হোসেন
সভাপতি

উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

স্মারক নং- ১৪.০২.৬ ৫৫২.০০০.০১.১১৬. ০১.১৭২ তারিখ : ০৭/০৯/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০২। জনাব


(চৌধুরী আশিক এলাহী)

সদস্য সচিব
উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
লোহাগড়া, নড়াইল।